

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১২৮

كتاب النكاح عن رسول الله ﷺ) বিবাহ

পরিচ্ছেদঃ বিবাহের আকদের সময়কার শর্ত।

# باب مَا جَاءَ فِي الشَّرْطِ عِنْدَ عُقْدَةِ النِّكَاحِ

#### আরবী

حَدَّثَنَا يُوسُفُ بْنُ عِيسَى، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ جَعْفَرٍ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبِ، عَنْ مَرْثَدِ بْنِ عَبْدِ اللَّهِ الْيَزَنِيِّ أَبِي الْخَيْرِ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرِ الْجُهَنِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِنَّ أَحَقَّ الشُّرُوطِ أَنْ يُوفَى بِهَا مَا اسْتَحْلَلْتُمْ بِهِ الْفُرُوجَ " . حَدَّثَنَا أَبُو مُوسَى، مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرِ، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عُمَرُ بْنُ الْخَطَّابِ قَالَ إِذَا تَزَوَّجَ رَجُلٌ امْرَأَةً وَشَرَطَ لَهَا أَنْ لاَ يُخْرِجَهَا مِنْ مِصْرِهَا فَلَيْسَ لَهُ أَنْ يُخْرِجَهَا . وَهُو لَوْلُ السَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَرُويَ عَنْ عَلِيّ بْنِ أَبِي طَلَي الْرَّوْجِ أَنْ يُخْرِجَهَا وَإِنْ كَانَتِ طَلَابٍ أَنَّهُ قَالَ شَرْطُ اللَّهِ قَبْلُ شَرْطِهَا . وَهُو الشَّوْعِيُ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَرُويَ عَنْ عَلِيّ بْنِ أَبِي طَلَي الْتَوْمِ أَنْ يُخْرِجَهَا وَإِنْ كَانَتِ اللهِ عَلَى زَوْجِهَا وَإِنْ كَانَتِ الشَّوْمِ أَنْ يُخْرِجَهَا وَإِنْ كَانَتِ الشَّوْمِ عَلَى زَوْجِهَا أَنْ لاَ يُخْرِجَهَا . وَذَهَبَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا وَهُو قَوْلُ سُفْيَانَ الشَّوْرِيِّ وَبَعْضِ أَهْلِ الْعِلْمِ إِلَى هَذَا وَهُو قَوْلُ سُفْيَانَ الشَّوْرِيِّ وَبَعْضِ أَهْلُ الْكُوفَةِ .

#### বাংলা

১১২৮. ইউস্ফ ইবনু ঈসা (রহঃ) .... উকবা ইবনু আমির জুহানী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, সর্বাধিক পূরণ যোগ্য সে সকল শর্ত যেগুলির দ্বারা তোমরা কোন মহিলাকে (বিয়ের মাধ্যমে) হালাল করে নিয়েছ। - ইবনু মাজাহ ১৯৫৪, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১১২৭ [আল মাদানী প্রকাশনী]

আবৃ মূসা মুহাম্মাদ ইবনুল মুছান্না (রহঃ) ইয়াহ্ইয়া ইবনু যায়ীদ আব্দুল হামিদ ইবনু জা'ফার (রহঃ) থেকেও অনুরূপ বর্ণনা করেছেন। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সাহীহ। কোন কোন সাহাবী এই



হাদীস অনুসারে আমল করেছেন। উমার ইবনুল খান্তাব রাদিয়াল্লাহু আনহু এরও এই অভিমত। তিনি বলেন, যদি কেউ কোন মহিলাকে বিয়ে করার সময় এই শর্ত করে যে, স্ত্রীকে তার শহর থেকে বের করে নিয়ে যাবে না তবে স্বামীর অধিকার নাই তাকে বের করে নিয়ে যাওয়ার। কোন কোন আলিমের এ-ই মত। এ হলো ইমাম শাফিঈ আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। আলী ইবনু আবী তালিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেছেন, মহিলা প্রদন্ত শর্তের অগ্রে রয়েছে আল্লাহর শর্ত। এতে বুঝা যায় স্বামী তাকে বাইরে নিয়ে যেতে পারবে বলে তিনি মনে করেন, যদিও স্ত্রী এই শর্ত করে যে, তাকে বাইরে নিয়ে যেতে পারবে না। কোন কোন আলিম এই অভিমত গ্রহণ করেছেন। এ হলো সুফইয়ান ছাওরী ও কোন কূফাবাসী আলিমের অভিমত।

### **English**

Uqbah bin Amir Al-Juhani narrated that:

The Messenger of Allah said: "Indeed the conditions most deserving to be fulfilled are those that make the private parts lawful among you."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন